



আমার শিক্ষার মূল 'কামাখ্যা বিদ্যালয়'

□ রিম্পী ঘোষ

দশম শ্রেণী, গ- বিভাগ

বৃহত্তম মালিগাঁও অঞ্চলে শিক্ষার প্রচারের উদ্দেশে নীলাচল পাহাড়ের সংস্পর্শে গড়ে উঠা আমাদের এই শিক্ষানুষ্ঠান কামাখ্যা বিদ্যালয়। কামরূপ জিলার মধ্যে এইটি বিখ্যাত বিদ্যালয়।

অনেক স্বপ্ন চোখে নিয়ে আমি এই বিদ্যালয়ে ভর্তি হয়েছিলাম। জীবন গড়ার পথে শিক্ষা গুরু সকলে ধূপ হয়ে জ্বলে আমাদের সুগন্ধিত করেছেন তা কোনভাবেই অস্বীকার করা যায় না। প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষাতেই একজন ছাত্র বা ছাত্রীর শিক্ষার মূল স্তম্ভ গড়ে উঠে। এই বিদ্যালয়ের মন্ত্রের দীক্ষাতে দীক্ষিত হয়ে উঠছে আমার সুপ্ত প্রতিভা, যা আজ ও আমি সর্বদা স্বীকার করি।

পড়ার সঙ্গে খেলা-ধূলা ও সাংস্কৃতিক দিকেও শিক্ষাগুরু সকলে আমাদের আলোর সন্ধান দিয়েছেন। বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানের কিছুদিন আগে থেকেই আমাদের শিক্ষকেরা নৃত্য-গীত শিখিয়েছেন। এই ক্ষেত্রে তাঁদের অনুপ্রেরণা ছিল আমাদের মনোবল।

আমাদের শ্রদ্ধেয় শিক্ষাগুরু সকলের আদর্শে অনুপ্রানিত হয়ে শিক্ষা, সাহিত্য ও সংস্কৃতির চির সবুজ ক্ষেত্রে আমরা নতুন উৎসাহে চলতে শিখেছি। সেই ক্ষেত্রে আমাদের কাঙ্ক্ষিত আশা তৃপ্তির হাসি হাসছে। সেই হাসিতেই আমরা নতুন স্বপ্ন দেখতে পেরেছি। এই সবের মধ্যে আমি আমার লক্ষ্যের মূলে সাফল্যের পতাকা উড়াতে পারব বলে বিশ্বাস আছে। আমাদের শিক্ষার আশ্রয় স্থল 'কামাখ্যা বিদ্যালয়' আজ সবুজ সোনালী হয়ে গেছে। আশা করি এই আশ্রয় স্থলে সৃষ্টি হওয়া চিরসবুজ শয্যে বিদ্যালয়ের ভাণ্ডার সম্পদশালী হয়ে উঠবে।

" I see God in Children"

- J. L. Neheru